

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

বেসরকারি মাধ্যমিক-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৯

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫

০২ আগস্ট ২০১৮

বিষয়: খিলগাঁও উচ্চ বিদ্যালয়ের সহকারী প্রধান শিক্ষক জনাব অলকা ঘোষ এর সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা এর স্মারক নং: ০৫.৪১.২৬০০.০০৯.২৭.০০২.১৭-২৭৭, তারিখ: ১৬ মে ২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা বিদ্যালয় পরিচালনা কমিটি কর্তৃক গত ২৭.০৭.২০১৭ তারিখ সাময়িক বরখাস্ত হন। জনাব অলকা ঘোষ তার বিরুদ্ধে আনীত বরখাস্ত আদেশ প্রত্যাহার, চাকুরীতে পুনর্বহাল এবং বিভিন্ন অনিয়মের প্রতিকার চেয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় বরাবর আবেদন করেন। উক্ত আবেদনের বিষয়ে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য জেলা প্রশাসক, ঢাকা বরাবর পত্র দেয়া হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে জেলা প্রশাসক, ঢাকা সূত্রোক্ত স্মারকে জনাব অলকা ঘোষ-এর বিরুদ্ধে সাময়িক বরখাস্ত আদেশ বোআইনী মর্মে তার সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহারপূর্বক তাকে স্বপদে পুনর্বহালসহ বিভিন্ন সুপারিশ করেন।

০২। এমতাবস্থায়, জনাব অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা এর বরখাস্ত আদেশ প্রত্যাহারসহ সুপারিশের বিষয়ে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা হতে প্রাপ্ত তদন্ত প্রতিবেদন।



২-৮-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৯.০১৭.১৭.১৮৯/১(৬)

তারিখ: ১৮ শ্রাবণ ১৪২৫

০২ আগস্ট ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

২) জেলা প্রশাসক, ঢাকা।

৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা
৬) অলকা ঘোষ, সহকারী প্রধান শিক্ষক, খিলগাঁও উচ্চ বিদ্যালয়, ঢাকা



২-৮-২০১৮

মোঃ কামরুল হাসান

উপসচিব